দৈনিক সংবাদ

তারিখ 12 JUN 1990
পৃষ্ঠা ৭ কলাম ১

15

## এসএসসি পরীক্ষার ৯ প্যাকেট খাতা উদ্ধার

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১১ই জুন।– কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার অংক বিষয়ের ৯ প্যাকেট খাতা আজ পুলিশ উদ্ধার করেছে।

আজ বিকেলে চট্টগ্রাম থেকে নাজিরহাটগামী একটি যাত্রীবাহী বাস (চট্ট–মেট্টো–২৪০৭) থেকে এগুলো উদ্ধার করা হয়। পুলিশ জানায়, বাসের মালিক হাটহাজারী থানায় এগুলো জমা দিয়ে গেছে। প্যাকেটের ওপর লেখা

( শেষ পৃঃ ১–এর কঃ দ্রঃ )

## ৯ প্যাকেট খাতা

(১ম পাতার পর)

রয়েছে–নোয়াখালী, চাটখিল ও লক্ষ্মীপুর কেন্দ্র।

পুলিশ বলছে, পরীক্ষার খাতা কার কাছে পাঠানো হচ্ছে সে ঠিকানা নেই।

### এক কেজি হেরোইন আটক

চট্টগ্রামে এক কেজি হেরোইনসহ আটক দু'জনের জামিন আজ আদালত নামঞ্জুর করেছে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি বিশেষ দল গতকাল রাত সাড়ে ৮টায় হোটেল আগ্রাবাদ থেকে এক কেজি হেরোইনসহ কক্সবাজারের রামুর আবদুর রহিম ও চট্টগ্রামের পটিয়ার নজরুল ইসলামকে গ্রেফতার করে। বার্মা থেকে হেরোইন আনা হয়েছে বলে আটক ব্যক্তিরা জানায়।